

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সংগ্রহ বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৮.০৭.০২৩.২৩ নথির বিষয়: ঢাকা ওয়াসার বিভিন্ন মডস্ জোনের জন্য সি. আই ম্যানহোল কভার সংগ্রহ করণ প্রসংগে।
নোট: ১ নোটের বিষয়: ঢাকা ওয়াসার বিভিন্ন মডস্ জোনের জন্য সি. আই ম্যানহোল কভার সংগ্রহ করণ প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/৯/২৩ ৫:০৮ অপরাহ্ন

সংযুক্তি নং-১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার মডস্ জোন-২ ও ৬ হতে ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের সি আই ম্যানহোল কভার সংগ্রহের জন্য চাহিদা পাওয়া গিয়েছে (সংযুক্তি-১)। ঢাকা ওয়াসার আওতাধীন বিভিন্ন এলাকার রাস্তায় ভারী যানবাহন চলাচলের ফলে ম্যানহোল কভার ভেঙ্গে যাওয়া কিংবা পুরাতন হয়ে যাওয়ায় অনেক স্থানে নানাবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে ও দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে। এদিকে পাগলা ভাডারে সি আই ম্যানহোল কভারে এর মজুদ প্রায় শেষ পর্যায়ে (সংযুক্তি-২ দ্রঃ)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/৯/২৩ ৫:১১ অপরাহ্ন

ঢাকা ওয়াসার বিভিন্ন মডস্ জোন হতে প্রাপ্ত চাহিদার প্রেক্ষিতে অত্র বিভাগ হতে ইতোপূর্বে ক্রয়কৃত ৪৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার এবং ৫৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার এর অনুমোদিত দর যথাক্রমে ৫,৬০০/- টাকা এবং ১৫,৫০০/- টাকা (সংযুক্তি-৭ দ্রঃ)। মডস্ জোন-১ এর চাহিদা পর্যালোচনা পূর্বক দেখা যায় যে, ৪৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার এবং ৫৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার এর সর্বমোট চাহিদা যথাক্রমে (২০০+২১০) ৪১০ টি ও (২২০+২৩০) ৪৫০ টি। এই প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থ বছরের চাহিদার কথা বিবেচনা করে সংগ্রহ বিভাগ-২ হতে ৪৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার ১৫০ টি এবং ৫৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার ২০০ টি সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করা হয়। নির্দেশনা অনুযায়ী প্রাক্কলন প্রণয়ন করা হয় যেখানে, ৪৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার এবং ৫৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার সংগ্রহের জন্য প্রাক্কলিত ব্যয় (Price of Goods) ৩৯,৪০,০০০/- (উনচল্লিশ লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র) এবং রিলেটেড সার্ভিসেস বাবদ ২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা। সর্বমোট প্রাক্কলিত ব্যয় (Goods+Related Services) ৩৯,৬২,৫০০/- (উনচল্লিশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা (সংযুক্তি-৮ দ্রঃ)। আলোচ্য সংগ্রহ কাজটির Approving Authority উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএসএম), ঢাকা ওয়াসা।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/৯/২৩ ৫:১৮ অপরাহ্ন

আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার খুচরা যন্ত্রাংশ (অন্যান্য) খাতের ক্রমিক নং ৩৩ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-৫)। উল্লেখিত সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরণ পূর্বক e-GP System এ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) সম্পন্ন করা যেতে পারে। সংগ্রহ কাজটির দরপত্র দলিল CPTU প্রণীত STD (e-PG-3) অনুসরণ পূর্বক প্রণয়ন করত কার্য সম্পাদন করা হবে। উক্ত দরপত্র দলিলের TDS অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1 তে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 15.1 (b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Supply Experience) গত ৩ বৎসরে ২ টি কাজে মোট ৬০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 16.1 এ ৩৫.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। উল্লেখ্য যে, স্থানীয় ক্ষুদ্র শিল্পের বিকাশ ও উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) ও ঢাকা ওয়াসার মধ্যে স্বাক্ষরিত সাব-কন্ট্রাক্টিং সমঝোতা চুক্তি ও শিল্প মন্ত্রণালয়ের গেজেট অনুযায়ী বিসিক সাব-কন্ট্রাক্টিং তালিকা ভুক্ত দেশীয় ক্ষুদ্র শিল্পের উৎপাদিত যন্ত্রাংশ ক্রয় করার নির্দেশনা রয়েছে (সংযুক্তি-৪)। সেই মোতাবেক দরপত্রের শর্তে “দরদাতাকে বিসিক সাব-কন্ট্রাক্টিং তালিকাভুক্ত হতে হবে” উল্লেখ করা যেতে পারে। আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।






সংযুক্তিসমূহ (৮):

- ১। মডস্ জোন-২ ও ৬ হতে প্রাপ্ত চাহিদা পত্র।.pdf
- ২। ঢাকা ওয়াসার স্টক রিপোর্ট.pdf
- ৩। ঢাকা ওয়াসার স্টক রিপোর্ট.pdf
- ৪। শিল্প মন্ত্রণালয়ের গেজেট.pdf
- ৫। সংগ্রহ বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি.pdf
- ৬। টেকনিক্যাল স্পেসিফিকেশন ও ড্রইং.pdf
- ৭। পূর্বানুমোদিত দর.pdf
- ৮। আলোচ্য কাজের প্রাক্কলন.pdf

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৫/৯/২৩ ৫:২০ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১.০ হতে ১.২ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার বিভিন্ন মডস্ জোন এর জন্য ৪৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার এবং ৫৫০ মিঃ মিঃ সি আই ম্যানহোল কভার সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে-




- ক) সংযুক্তি-৬ এর টেকনিক্যাল স্পেসিফিকেশন ও ড্রইং অনুযায়ী উপস্থাপিত সর্বমোট ৩৯,৬২,৫০০/- (উনচল্লিশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির অনুমোদন।
- খ) সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরণ পূর্বক e-GP System এ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) সম্পন্ন করার অনুমোদন।
- গ) দরপত্রের শর্তে স্থানীয় ক্ষুদ্র শিল্পের বিকাশ ও উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) ও ঢাকা ওয়াসার মধ্যে স্বাক্ষরিত সাব-কন্ট্রাক্টিং সমঝোতা চুক্তি ও শিল্প মন্ত্রণালয়ের গেজেট অনুযায়ী বিসিক সাব-কন্ট্রাক্টিং তালিকা ভুক্ত দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক আলোচ্য সরবরাহ কাজটি সম্পাদনের অনুমোদন।
- ঘ) আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

 ২৫/৯/২৩ ৫:২৪ অপরাহ্ন মোঃ রবিন হাসান উপ-সহকারী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	 ২৬/৯/২৩ ২:২৭ অপরাহ্ন মোঃ মনিরুজ্জামান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সংগ্রহ বিভাগ-২	 ২৬/৯/২৩ ২:৫৯ অপরাহ্ন মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	 ২৬/৯/২৩ ৫:৫০ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল  ২৭/৯/২৩ ৫:৩৯ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)  ২৭/৯/২৩ ৫:৩৯ অপরাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) এর দপ্তর
---	--	---	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৭/৯/২৩ ৭:৫৮ অপরাহ্ন

Approved.


২৭/৯/২৩ ৭:৫৮ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
এর দপ্তর

 ২৮/৯/২৩ ৩:০৬ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ১/১০/২৩ ১১:১১ পূর্বাহ্ন মোঃ জয়নাল আবদীন নির্বাহী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২	 ১/১০/২৩ ১২:০৭ অপরাহ্ন মোঃ মনিরুজ্জামান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সংগ্রহ বিভাগ-২	 ১/১০/২৩ ১২:০৭ অপরাহ্ন মোঃ রবিন হাসান উপ-সহকারী প্রকৌশলী সংগ্রহ বিভাগ-২
---	---	--	--